গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর
www.bbagc.edu.bd

তারিখ : ০৬/০৯/২০২৫খ্রি.

# ২০২৩ সালের মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে ২০২৩ সালে মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিষ্ট্রেশন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, **বাংলা, ইংরেজি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা** বিষয়ে www.nu.ac.bd/admissions ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম সংগ্রহ পূর্বক (ফরম তোলার সময় প্রার্থীর **{সাম্প্রতিক তোলা}** পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120 × 150 Pixel, Image type: JPG এবং maximum file size: 50KB) ফরমের নির্ধারিত টাকা কলেজ অফিসের কাউন্টার থেকে রশিদ সংগ্রহ করে ক্যাশিয়ারের স্বাক্ষরসহ উত্তরা ব্যাংক, চৌরাস্তা শাখায় জমা দিয়ে আগামী ০৭/০৯/২০২৫ খ্রি. থেকে ১৭/০৯/২০২৫ খ্রি. তারিখের মধ্যে **(সরকারি ছুটির দিন ব্যতিত সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত কার্যক্রম চলবে)** নিম্নে উল্লেখিত কাগজপত্রসহ আবেদন ফরম যাচাই বাছাই পূর্বক অফিসের কাউন্টারে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

## টাকার পরিমাণ

| | |
|---|---|
| আবেদন ফি | ৫৫০/- |
| রেজিস্ট্রেশন ফি | ১,২৭০/- |
| ব্যবস্থাপনা ফি | ৫০/- |
| বিবিধ | ১০০/- |
| **সর্বমোট =** | **১,৯৭০/-** |

কথায়: **এক হাজার নয়শত সত্তর টাকা মাত্র।**

### ১। ভর্তির যোগ্যতা :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/১ম পর্ব মাস্টাস (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) আবেদনের যোগ্যতা পূরণ করলে কারাবন্দীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

ঙ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

### ২। নিম্নবর্ণিত কাগজপত্র সিরিয়াল অনুসারে সংযুক্ত করতে হবে :

ক) অন-লাইনে পূরণকৃত আবেদন ফরম।
খ) টাকা জমার রশিদ।
গ স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের ফটোকপি।
ঘ) স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্বের প্রশংসাপত্র ও নম্বরপত্রের ফটোকপি।
ঙ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে শিক্ষা ছুটি দেয়া হবে এই মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র।
চ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী দ্বৈত ভর্তি নই এই মর্মে একটি অঙ্গীকারনামা।

06.9.25
অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর

অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।